বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।

ক্রেডিট বিভাগ

ই-মেইল dgmsme@krishibank.org.bd

মুজিববর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

নং-বিকেবি/প্রকা-ক্রেঃবিঃ-শাখা-৪(এসএমই)-৭(৮)/করোনা/২০২০-২১/ ১৬৫৯(১২০০) তারিখঃ ০১/১২/২০২০

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপ- মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)।
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ **নভেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে সিএমএসএমই (CMSME) খাতের জন্য ২০,০০০ কোটি টাকার বিশেষ ঋণ/বিনিয়োগ সুবিধা প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্টের এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-১৬, তারিখ ২৬/১১/২০২০ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষন করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। বাংলাদেশ ব্যাংকের এসএমইএসপিডি সার্কুলার নং-১, তারিখ ১৩/০৪/২০২০ এবং তৎপরবর্তীতে সময়ে সময়ে জারীকৃত সার্কুলার লেটার এর মাধ্যমে আলোচ্য প্যাকেজ বাস্তবায়নে বিভিন্ন দিক-নির্দেশনা প্রদান করা হয় যা অত্র ব্যাংকের ক্রেডিট বিভাগ কর্তৃক মাঠ পর্যায়ে জারী করা হয়েছে। এক্ষনে, আলোচ্য প্যাকেজের সুষ্ঠ বাস্তবায়নের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক কর্তৃক উপরোক্ত সার্কুলার লেটারের মাধ্যমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়েছে ঃ

ক) আলোচ্য প্যাকেজের আওতায় ঋণ/বিনিয়োগ বিতরণ লক্ষ্যমাত্রা বাস্তবায়নের সময়সীমা ডিসেম্বর ৩১, ২০২০ তারিখ পর্যন্ত পুনঃনির্ধারন ;

খ) ব্যবসা (ট্রেডিং) উপখাতে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের বাৎসরিক ঋণ/বিনিয়োগের আনুপাতিক হার ৩০% হতে বৃদ্ধি করে সর্বোচ্চ ৩৫% শতাংশে পুনঃনির্ধারণ ;

গ) প্রণোদনা প্যাকেজের আওতায় ব্যবসা ( ট্রেডিং ) উপখাতে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত/প্রদেয় বিনিয়োগ এর অনুপাত বাৎসরিক ঋণ/বিনিয়োগের ৩০ শতাংশের বেশী হলে (যা কোনভাবেই ৩৫ শতাংশের অধিক হতে পারবে না) সমানুপাতিক হারে উৎপাদন ও সেবা উপখাতে প্রদত্ত/প্রদেয় ঋণ/বিনিয়োগের অনুপাত হ্রাস পাবে। তবে, উৎপাদন ও সেবা উপখাতে প্রদত্ত/প্রদেয় সামগ্রিক ঋণের অনুপাত ৬৫ শতাংশের কম হবে না ;

ঘ) ঋণসীমা নির্ধারণে উৎপাদন, সেবা ও ব্যবসা উপখাতে গ্রাহকের ক্ষতির মাত্রা বিবেচনাকরতঃ বিদ্যমান/নতুন ঋণ/বিনিয়োগ গ্রহিতা প্রতিষ্ঠানের অনুকূলে প্রদেয় ঋণ/বিনিয়োগের পরিমান (চলতি মূলধন) ব্যাংকের বিদ্যমান ঋণ নীতিমালার আওতায় ব্যাংকার গ্রাহক সম্পর্কের ভিত্তিতে নির্ধারিত হবে। তবে বিদ্যমান গ্রাহকের ক্ষেত্রে উল্লেখিত সীমা পূর্ববর্তী বছরে প্রদত্ত চলতি মূলধন ঋণ/বিনিয়োগ সুবিধার অধিক হবে না।

০৩। এমতাবস্থায়, করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে সিএমএসএমই (CMSME) খাতের জন্য গঠিত ২০,০০০.০০ (বিশ হাজার) কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কীমের (বিকেবি'র অনুকূলে বরাদ্ধকৃত ২৪২.০০ কোটি টাকা) আওতায় বাংলাদেশ ব্যাংকের এসএমইএসপিডি সার্কুলার নং-০১, তারিখ ১৩/০৪/২০২০ এবং সময়ে সময়ে জারীকৃত এ সংক্রান্ত নির্দেশাবলী যথাযথভাবে অনুসরন করে আগামী ৩১/১২/২০২০ তারিখের মধ্যে ঋণ বিতরণ লক্ষ্যমাত্রার ১০০% অর্জন নিশ্চিত করার পরামর্শ দেয়া হলো। এছাড়াও এসএমইএসপিডি সার্কুলার নং-১৬, তারিখঃ ২৬/১১/২০২০ মোতাবেক শিল্প, সার্ভিস ও ব্যবসা (ট্রেডিং) উপখাতের জন্য প্রদত্ত/প্রদেয় সামগ্রিক ঋণের নির্ধারিত অনুপাত এবং ঋণসীমা যথাযথভাবে অনুসরণ করতে হবে। বিভাগীয় মহাব্যবস্থাপকবৃন্দ এবং অঞ্চল প্রধানগণ উক্ত বিশেষ ঋণ বিতরণ কার্যক্রম নিয়মিত মনিটরিংসহ প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করবেন।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

১/১২/২০২০

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)
ফোনঃ ৯৫৫০৪০৩

নং-বিকেবি-প্রকা/ক্রেবি(শাখা-৪)-এসএমই-৭(৮)/করোনা/২০২০-২০২১/ ১৬৫৯(১২০৫) তারিখঃ ০১/১২/২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

Mhossain
01/12/2020
(মুহাম্মদ মোশাররফ হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক

বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
www.bb.org.bd

এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট

এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-১৬

তারিখঃ অগ্রহায়ণ ১১, ১৪২৭ / নভেম্বর ২৬, ২০২০

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান

**নভেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে সিএমএসএমই (CMSME) খাতের জন্য ২০,০০০ কোটি টাকার বিশেষ ঋণ/বিনিয়োগ সুবিধা প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে এপ্রিল ১৩, ২০২০ তারিখে জারিকৃত এসএমইএসপিডি সার্কুলার নং-০১; আগস্ট ৩১, ২০২০ তারিখে জারিকৃত এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০৭; সেপ্টেম্বর ০৩, ২০২০ তারিখে জারিকৃত এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০৮; অক্টোবর ২৮, ২০২০ তারিখে জারিকৃত এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-১২ এবং নভেম্বর ০১, ২০২০ তারিখে জারিকৃত এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-১৩ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। এসএমইএসপিডি সার্কুলার নং-০১ তারিখঃ এপ্রিল ১৩, ২০২০ এর ১(খ) অনুচ্ছেদের মাধ্যমে উৎপাদন, সেবা ও ব্যবসা উপখাতে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের বাৎসরিক ঋণ/বিনিয়োগের আনুপাতিক হার যথাক্রমে ৫০,৩০ ও ২০ শতাংশে নির্ধারণ করা হয়। একই সার্কুলারের ৪(খ), ৪(গ) ও ৪(ঘ) অনুচ্ছেদে উপখাতভিত্তিক ঋণ/বিনিয়োগের বিভাজন এবং গ্রাহক পর্যায়ে প্রদেয় ঋণ/বিনিয়োগের বিন্যাস ও সীমা সংক্রান্ত বিষয়াবলী বর্ণনা করা হয়।

০৩। এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০৭ তারিখঃ আগস্ট ৩১, ২০২০ এর মাধ্যমে আলোচ্য প্যাকেজের আওতায় উৎপাদন ও সেবা খাতে বাৎসরিক ঋণ/বিনিয়োগের আনুপাতিক হার সামগ্রিকভাবে ৮০ শতাংশে পুনর্বিন্যাস করা হয় এবং উৎপাদন ও সেবা শিল্পের ঋণগ্রহীতাগণের জন্য ঋণ/বিনিয়োগ সীমা নির্ধারন করা হয়। পরবর্তীতে, এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-১২ তারিখঃ অক্টোবর ২৮, ২০২০ এর মাধ্যমে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের বাৎসরিক ঋণ/বিনিয়োগের আনুপাতিক হার ব্যবসা (ট্রেডিং) উপখাতে সর্বোচ্চ ৩০ শতাংশে এবং উৎপাদন ও সেবা উপখাতদ্বয়ে সামগ্রিকভাবে অন্যূন ৭০ শতাংশে নির্ধারণ করা হয়।

০৪। অপরদিকে, এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০৮ তারিখঃ সেপ্টেম্বর ০৩, ২০২০ এর অনুচ্ছেদ-০৪ এবং এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-১৩ তারিখঃ নভেম্বর ০১, ২০২০ এর অনুচ্ছেদ-০৪ অনুযায়ী আলোচ্য প্যাকেজের আওতায় ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের জন্য নির্ধারিত ঋণ/বিনিয়োগ বিতরণ লক্ষ্যমাত্রা বাস্তবায়নের সময়সীমা নির্ধারন করা হয়।

০৫। বিদ্যমান তথ্য উপাত্ত পর্যালোচনায় ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের ঋণ/বিনিয়োগের বড় অংশ ট্রেডিং খাতে বিনিয়োগ করা হয়েছে মর্মে পরিদৃষ্ট হয়। এই খাতে বিনিয়োগের আনুপাতিক হার বৃদ্ধি করা হলে আরও অধিক সংখ্যক ক্ষতিগ্রস্ত গ্রাহককে উক্ত প্রণোদনা প্যাকেজের আওতায় অন্তর্ভুক্তিকরন সহজতর হবে। একইসাথে, এ বিষয়টিও পরিলক্ষিত হচ্ছে যে, আলোচ্য প্যাকেজের আওতায় কিছু ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের ঋণ/বিনিয়োগ বিতরণ কাঙ্খিত পর্যায়ে পৌঁছাতে সক্ষম হয়নি।

০৬। এক্ষণে, উৎপাদন ও সেবা শিল্পে কর্মসংস্থান বহাল রাখার পাশাপাশি ব্যবসায় (ট্রেডিং এ) নিয়োজিত প্রকৃত ক্ষতিগ্রস্ত উদ্যোক্তাদের ক্ষতি হ্রাসকল্পে উক্ত উপখাতে ঋণ চাহিদা পূরণের লক্ষ্যে চলতি মূলধন বাবদ ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদানের নিমিত্তে এবং আলোচ্য প্যাকেজের সুষ্ঠু বাস্তবায়ন নিশ্চিত করার লক্ষ্যে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হল ঃ

ক) এসএমইএসপিডি সার্কুলার নং-১/২০২০ এর ১(খ) এবং এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-১২/২০২০ এর ৪(ক) অনুচ্ছেদে বর্ণিত ব্যবসা (ট্রেডিং) উপখাতে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের বাৎসরিক ঋণ/বিনিয়োগের আনুপাতিক হার ৩০ শতাংশ হতে বৃদ্ধি করে সর্বোচ্চ ৩৫ শতাংশে পুনঃনির্ধারণ;

খ) অত্র প্রণোদনা প্যাকেজ এর আওতায় ব্যবসা(ট্রেডিং) উপখাতে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত/প্রদেয় বিনিয়োগ এর অনুপাত বাৎসরিক ঋণ/বিনিয়োগের ৩০ শতাংশের বেশী হলে (যা কোনভাবেই ৩৫ শতাংশের অধিক হতে পারবে না) সমানুপাতিক হারে উৎপাদন ও সেবা উপখাতে প্রদত্ত/প্রদেয় ঋণ/বিনিয়োগের অনুপাত হ্রাস পাবে। তবে, উক্ত উৎপাদন ও সেবা উপখাতে প্রদত্ত/প্রদেয় সামগ্রিক ঋণের অনুপাত ৬৫ শতাংশের কম হবে না;

গ) এসএমইএসপিডি সার্কুলার নং-১/২০২০ এর ৪(খ), ৪(গ) ও ৪(ঘ) এবং এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০৭/২০২০ এর ২(খ) নং অনুচ্ছেদে বর্ণিত ঋণসীমা নির্ধারণে উৎপাদন, সেবা ও ব্যবসা উপখাতে গ্রাহকের ক্ষতির মাত্রা বিবেচনাকরতঃ বিদ্যমান/নতুন ঋণ/বিনিয়োগ গ্রহীতা প্রতিষ্ঠানের অনুকূলে প্রদেয় ঋণ/বিনিয়োগের পরিমান (চলতি মূলধন) সংশ্লিষ্ট ব্যাংকের বিদ্যমান ঋণ-নীতিমালার আওতায় ব্যাংকার গ্রাহক সম্পর্কের ভিত্তিতে নির্ধারিত হবে। তবে, বিদ্যমান গ্রাহকের ক্ষেত্রে উল্লিখিত সীমা পূর্ববর্তী বছরে প্রদত্ত চলতি মূলধন ঋণ/বিনিয়োগ সুবিধার অধিক হবে না; এবং

০৭। আলোচ্য প্যাকেজের আওতায় ঋণ/বিনিয়োগ বিতরণ লক্ষ্যমাত্রা বাস্তবায়নের সময়সীমা ডিসেম্বর ৩১, ২০২০ তারিখ পুনঃনির্ধারণ করা হলো।

০৮। এতদ্ব্যতীত বর্ণিত সার্কুলার ও সার্কুলার লেটারের অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

০৯। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আলী মাহমুদ)
মহাব্যবস্থাপক (চলতি দায়িত্বে)
ফোনঃ ৯৫৩০১৭২